

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
কামারখন্দ, সিরাজগঞ্জ।



স্মারক নং-০৫.৪৩.৮৮৪৪.০০২.০২.০১০.১৮- ১১৪(১০০)

তারিখ : ২৩/০১/২০২০ খ্রিঃ।

“বাংলা ১৪২৭ সনের হাট-বাজার ইজারা দরপত্র বিজ্ঞপ্তি”

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের স্থানীয় সরকার বিভাগের প্রশাসন-২ শাখার ২১/০৯/২০১১ খ্রিঃ তারিখের ৪৬.০৪১.০৩০.০২.০০.০০২.২০১১-৮৭০ নং স্বাক্ষরে জারীকৃত সরকারী হাট-বাজার সমূহের ব্যবস্থাপনা, ইজারা পদ্ধতি এবং উহা হতে প্রাপ্ত আয় বন্টন সম্পর্কিত সর্বশেষ নীতিমালার অলোকে স্থানীয় সরকার বিভাগের ১লা মার্চ ২০১৬ খ্রিঃ তারিখের ৪৬.০৪১.০৩০.১৯.০০.০১৯.১০(অংশ-১).৮৮ নং পরিপত্র মোতাবেক কামারখন্দ উপজেলার ভৌগোলিক সীমানার মধ্যে অবস্থিত নিম্নোক্ত হাট-বাজার সমূহ বাংলা ১৪২৭ বঙ্গাব্দের জন্য (১লা বৈশাখ হতে ৩০ শে চৈত্র পর্যন্ত) ০১ (এক) বছর মেয়াদী ইজারা প্রদানের নিমিত্ত ইজারা গ্রহণে ইচ্ছুক ব্যক্তি/প্রতিষ্ঠানের নিকট হতে নির্ধারিত দরপত্র ফরমে নিম্নলিখিত ক্যালেন্ডার ও শর্ত সাপেক্ষে প্রতিটি হাটের জন্য সীলমোহরকৃত পৃথক পৃথক খামে দরপত্র আহবান করা যাচ্ছে।

দরপত্রের আবেদন ফরম জেলা প্রশাসক, সিরাজগঞ্জ মহোদয়ের কার্যালয় (স্থানীয় সরকার শাখা), উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, কামারখন্দ, সহকারী কমিশনার (ভূমি), কামারখন্দ এর কার্যালয়, সোনালী ব্যাংক লিঃ, জামতৈল শাখা, অফিসার ইনচার্জ, কামারখন্দ থানা এর কার্যালয় হতে নির্ধারিত মূল্যে (অফেরতযোগ্য) অফিস চলাকালীন সময়ে দরপত্র দাখিলের পূর্বদিন পর্যন্ত দরপত্র ফরম সংগ্রহ/ক্রয় করা যাবে। দরপত্র দাখিলের দিন জেলা প্রশাসক, সিরাজগঞ্জ মহোদয়ের কার্যালয় (স্থানীয় সরকার শাখা), পুলিশ সুপারের কার্যালয়, সিরাজগঞ্জ, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, কামারখন্দ, সহকারী কমিশনার (ভূমি), কামারখন্দ এর কার্যালয়, সিরাজগঞ্জ এর কার্যালয়ে রক্ষিত দরপত্র বাস্তবে বেলা ১.০০ ঘটিকা পর্যন্ত দরপত্র জমা দেয়া যাবে। একই দিন বিকেল ৩.০০ ঘটিকায় দরপত্র দাতাদের উপস্থিতিতে (যদি কেহ উপস্থিত থাকে) দরপত্র বাস্তব খোলা হবে।

ক্যালেন্ডার

হাট-বাজারের নাম, দরপত্র দাখিলের তারিখ ও সময় সূচী নিম্নরূপঃ

| ক্রঃ নং | হাট-বাজারের নাম | সরকারী মূল্য (৩ বছরের গড় ইজারা মূল্য +৬%) | দরপত্র ফরমের মূল্য (অফেরতযোগ্য) | দরপত্র দাখিলের তারিখ | | |
|---------|------------------------|--|---------------------------------------|----------------------|------------|------------|
| | | | | ১ম বার | ২য় বার | ৩য় বার |
| ০১ | কামারখন্দ হাট | ১,৫৫,৮২০/- | ১,০০০/- | ১১/০২/২০২০ | ২৭/০২/২০২০ | ১২/০৩/২০২০ |
| ০২ | জামতৈল বাজার | ১,২৭,২০০/- | ১,০০০/- | ” | ” | ” |
| ০৩ | বলরামপুর হাট | ১,৩০,০৩০/- | ১,০০০/- | ” | ” | ” |
| ০৪ | পাইকশা হাট-বাজার | ৩,৫৯.০১১/- | ১,২০০/- | ” | ” | ” |
| ০৫ | ঝাট্টল বাজার | ১০,০৩৫/- | ৫০০/- | ” | ” | ” |
| ০৬ | গাড়াবাড়ী হাট | ৩,১৮০/- | ৫০০/- | ” | ” | ” |
| ০৭ | জয়েন বড়খুল হাট | ১,৮২,৪০২/- | ১,০০০/- | ” | ” | ” |
| ০৮ | রায়দৌলতপুর হাট | ১০,০৮২/- | ৫০০/- | ” | ” | ” |
| ০৯ | কালীবাড়ী হাট | ১,৪৯৫/- | ৫০০/- | ” | ” | ” |
| ১০ | নান্দিনা কামালিয়া হাট | ৩,৬৪৫/- | ৫০০/- | ” | ” | ” |
| ১১ | ভদ্রঘাট হাট-বাজার | ৫৬,০৬৫/- | ১,০০০/- | ” | ” | ” |
| ১২ | কাটাখালী হাট | ১,৯৯৩/- | ৫০০/- | ” | ” | ” |
| ১৩ | চৌবাড়ী হাট | ৭,৯৮০/- | ৫০০/- | ” | ” | ” |
| ১৪ | বিয়াড়া হাট | ৩০০/- | ৫০০/- | ” | ” | ” |
| ১৫ | মামুদাকোলা হাট | ২৮২/- | ৫০০/- | ” | ” | ” |

উল্লেখ্য, ১ম বারের দাখিলকৃত দরপত্র কোন হাট-বাজার অনুমোদিত হলে ২য় বার ঐ হাট-বাজারটির নাম দরপত্র বিজ্ঞপ্তি হতে বাদ দেয়া হয়েছে বলে গণ্য হবে এবং ২য় বারের দাখিলকৃত দরপত্র কোন হাট-বাজার অনুমোদিত হলে ৩য় বার ঐ হাট-বাজারটির নাম দরপত্র বিজ্ঞপ্তি হতে বাদ দেয়া হয়েছে বলে গণ্য হবে। বিস্তারিত তথ্যাদি নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে অফিস চলাকালীন সময়ে জানা যাবে।

চলমান পাতা-২

(Signature)

হাট-বাজার ইজারার শর্তাবলীঃ

১. বাংলা ১৪২৭ সনের ১লা বৈশাখ হতে ১৪২৭ সনের ৩০শে চৈত্র পর্যন্ত ০১ (এক) বছরের মেয়াদকালের জন্য হাট-বাজার ইজারা দেয়া হবে।
২. দরপত্র দাতাকে দরপত্রের সাথে দরপত্রে উদ্ভূত মূল্যের ৩০% (শতকরা ত্রিশ ভাগ) অর্থ জামানত হিসেবে যে কোন তফশীলী ব্যাংক হতে ব্যাংক ড্রাফট পে-অর্ডার এর মাধ্যমে উপজেলা নির্বাহী অফিসার, কামারখন্দ এর অনুকূলে জমা দিতে হবে। অন্যথায় দরপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে। উক্ত টাকা হতে ২৫% অর্থ ইজারা মূল্যের সাথে সমন্বয় করা হবে এবং বাকী ৫% অর্থ জামানত হিসেবে সংরক্ষিত থাকবে। ইজারা গ্রহীতা নিয়মিত হাট-বাজার নিজ খরচে পরিষ্কার না করলে বা অন্য কোন ক্ষতি সাধন করলে উক্ত জামানত হতে তা মিটানো হবে। বছর সমাপনান্তে অব্যবহৃত টাকা জমাকারীর বরাবর প্রত্যর্পন করা হবে।
৩. যাহার দরপত্র গৃহীত হবে, দরপত্র দাতা সংবাদ অবহিত হওয়ার ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে দরপত্রে উল্লেখিত দরের অবশিষ্ট ৭৫% (শতকরা পচাত্তর ভাগ) অর্থ, মোট দাখিলকৃত দরের উপর অতিরিক্ত ৫% আয়কর এবং ১৫% ভ্যাট অবশ্যই একই সঙ্গে পরিশোধ করতে হবে। অন্যথায় হাট-বাজারের জন্য জমাকৃত জামানত বাজেয়াপ্ত পূর্বক পুনরায় ইজারা কার্যক্রম গ্রহণ করা হবে।
৪. প্রাপ্ত দরপত্রের সর্বোচ্চ দর গ্রহণ করা হবে এবং উক্ত অংক যদি সংশ্লিষ্ট হাট-বাজারের পূর্ববর্তী ০৩ (তিন) বছরের গড় ইজারা মূল্য ও ৬% বৃদ্ধি (সরকারী মূল্য) হতে কম হয় তাহলে পুনরায় দরপত্র আহ্বান করা হবে।
৫. এক হাট-বাজারের জন্য ক্রয়কৃত দরপত্র অন্য হাট-বাজারের জন্য দরপত্র হিসেবে ব্যবহার করা যাবে না। দরপত্র গ্রহণের দিন কোন সিডিউল বিক্রয় করা হবে না। এক দফার জন্য বিক্রয়কৃত দরপত্র অন্য দফায় আহ্বানকৃত হাট-বাজারের দরপত্র হিসেবে ব্যবহার করা যাবে না।
৬. খামের উপরে দরপত্র দাতার নাম ঠিকানা ও হাট-বাজারের নাম স্পষ্টভাবে উল্লেখ করতে হবে।
৭. সরকার অনুমোদিত টোল আদায়ের হার মোতাবেক টোল আদায় করতে হবে। বিনা রশিদে টোল আদায় করা যাবে না। ইজারাদার নিজ খরচে বাজারের দৃশ্যমান হাটে একাধিক স্থানে টোল চার্ট প্রদর্শনের ব্যবস্থা করতে হবে।
৮. প্রত্যেক হাট-বাজারের জন্য পৃথক পৃথক সীলমোহরকৃত খামে দরপত্র দাখিল করতে হবে। দরপত্র দাতাকে দরপত্রের প্রতি পৃষ্ঠায় স্বাক্ষর করতে হবে।
৯. ইজারাদার কোন ক্রমেই হাট-বাজার অন্যের নিকট সাবলীজ দিতে পারবে না।
১০. ইজারাদার সমুদয় অর্থ (ভ্যাট আয়করসহ) পরিশোধের ০৩ (তিন) কার্যদিবসের মধ্যে ৩০০/- (তিনশত) টাকা মূল্যের নন-জুডিশিয়াল স্ট্যাম্প ইজারাদার কর্তৃক ইজারা চুক্তি সম্পাদন করতে হবে।
১১. দুই বা ততোধিক দরপত্র দাতার দর সর্বোচ্চ বা একই হলে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।
১২. ইজারাদার নিজ খরচে হাট-বাজার পরিষ্কার পরিচ্ছন্ন রাখবেন।
১৩. ইজারাদার নিজ খরচে একটি পরিদর্শন রেজিষ্টার সংরক্ষন করবেন।
১৪. কোন প্রকার ঘষা-মাজা, কাটাকাটি, লেখার উপর লেখা দরপত্র গ্রহণযোগ্য হবে না।
১৫. নির্ধারিত কর্তৃপক্ষ কর্তৃক হাট-বাজার ইজারা অনুমোদিত না হলে ইজারা বাতিল বলে গণ্য হবে এবং দখলকৃত সময়ের হারাহারি ভাবে ইজারার অর্থ কর্তন পূর্বক বাকী জমাকৃত অর্থ ইজারাদারকে প্রদান করা হবে।
১৬. হাট-বাজারের ইজারার টাকা সরকারী দাবী আদায় আইন অনুযায়ী সার্টিফিকেট মামলার মাধ্যমে আদায় করা যাবে।
১৭. চুক্তিপত্রের যে কোন শর্ত লঙ্ঘন করা হলে ইজারা বাতিল করা হবে।
১৮. কর্তৃপক্ষ যে কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ বা বাতিলেন ক্ষমতা সংরক্ষন করেন।

(মোঃ জাহাঙ্গীর আলম)

উপজেলা নির্বাহী অফিসার

কামারখন্দ, সিরাজগঞ্জ।

ফোন নং-০৭৫২৪-৫৬০০১

e-mail: unokamarkhand@mopa.gov.bd

২০২০

চলমান পাতা-৩